**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 28-03-24** **Desk in Charge :**

**Time : 7-50 P.M.** **Compiling :**

**Morning /Day /Evening** **National/ Regional/ General**

**Opening Announcement –** আকাশবাণী / খবর পড়ছি –

বিশেষ বিশেষ খবর –

১/ লোকসভা নির্বাচনে এরাজ্যের জন্য বিশেষ সাধারণ পর্যবেক্ষক হিসেবে অবসরপ্রাপ্ত আইএএস আধিকারিক আলোক সিন্‌হা এবং বিশেষ পুলিশ পর্যবেক্ষক হিসেবে প্রাক্তন আইপিএস অনিল কুমার শর্মা রাজ্যে আসছেন।

২/ দ্বিতীয় দফার বিজ্ঞপ্তি আজ জারি হওয়ার সঙ্গে সঙ্গেই শুরু হয়েছে মনোনয়ন দাখিলের কাজ। # প্রথম দফার নির্বাচনের জন্য জমা পড়া মনোনয়নপত্রগুলি আজ পরীক্ষা করে দেখা হয়।

৩/ নির্বাচন কমিশনের অনুমতি নিয়ে ১০০ দিনের কাজ প্রকল্পে দৈনিক মজুরি বাড়লো কেন্দ্র।

৪/ চলতি অর্থ বছরের শেষ দু'দিন ছুটি থাকা সত্ত্বেও রাজ্য সরকারের 'পে অ্যান্ড অ্যাকাউন্টস' এবং ট্রেজারি অফিস খোলা থাকবে।

৫/ ব্যক্তিগত তথ্য ফাঁসের অভিযোগ তুলে মহিলা কমিশনের দ্বারস্থ হয়েছেন উত্তর ২৪ পরগণার বসিরহাটের বিজেপি প্রার্থী রেখা পাত্র ।

*****************************************************************

লোকসভা নির্বাচনে এরাজ্যের জন্য বিশেষ সাধারণ পর্যবেক্ষক হিসেবে নিযুক্ত হয়েছেন অবসরপ্রাপ্ত আইএএস অফিসার আলোক সিন্‌হা। প্রাক্তন আইপিএস অনিল কুমার শর্মা বিশেষ পুলিশ পর্যবেক্ষক হিসেবে রাজ্যে আসছেন।

উল্লেখ্য, গত বিধানসভা নির্বাচনে'ও অনিল শর্মা বিশেষ পুলিশ পর্যবেক্ষক হিসেবে দায়িত্বভার সামলেছেন। নিয়ম অনুযায়ী তিনি বিশেষ পর্যবেক্ষক অলোক সিন্‌হার কাছে রিপোর্ট পেশ করবেন।

*****************

লোকসভা নির্বাচনের দ্বিতীয় দফার বিজ্ঞপ্তি আজ জারি হওয়ার সঙ্গে সঙ্গেই শুরু হয়েছে মনোনয়ন দাখিলের কাজ।

এই দফায় এরাজ্যে দার্জিলিং, রায়গঞ্জ ও বালুরঘাট আসনে ভোট নেওয়া হবে ২৬-শে এপ্রিল। মনোনয়ন পেশের সময়সীমা শেষ হচ্ছে চৌঠা এপ্রিল। ৫-ই এপ্রিল জমা পড়া মনোনয়নপত্রগুলি পরীক্ষা করে দেখা হবে। প্রার্থীপদ প্রত্যাহারের শেষ দিন ওই মাসের ৮ তারিখ।

এরাজ্যের ৩-টি সহ দেশের মোট ৮৯-টি আসনে ওই দিন দ্বিতীয় দফায় ভোট নেওয়া হবে।

*****************

দ্বিতীয় দফায় শারীরিক প্রতিবন্ধকতা আছে এবং ৮৫ বছর ও তার বেশি বয়সী ভোটারদের হোম ভোটিং-এর জন্য আবেদনের শেষ দিন আগামী দোসরা এপ্রিল। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে রাজ্যের অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক অরিন্দম নিয়োগী একথা জানান।

(বাইট- অরিন্দম নিয়োগী)

*****************

প্রথম দফার নির্বাচনের জন্য জমা পড়া মনোনয়নপত্রগুলি আজ পরীক্ষা করে দেখা হয়। প্রার্থীপদ প্রত্যাহার করা যাবে ৩০-শে মার্চ পর্যন্ত।

এই দফায় ১৯-শে এপ্রিল ভোট নেওয়া হবে এরাজ্যের কোচবিহার, জলপাইগুড়ি ও আলিপুরদুয়ার সহ দেশের মোট ১০২-টি লোকসভা আসনে। নির্বাচন কমিশন সূত্রের খবর, রাজ্যের তিন লোকসভা আসনে মোট ৪১টি মনোনয়ন জমা পড়ে ।

কোচবিহারে জমা পড়া ১৭ টি মনোনয়নের মধ্যে ৩ জনের প্রার্থীপদ বাতিল হয়েছে। এরা সকলেই নির্দল প্রার্থী।

জলপাইগুড়িতে- ১৩ এবং আলিপুরদুয়ারে জমা পড়া মনোনয়নের সংখ্যা- ১১ ।

এদিকে, কোচবিহার লোকসভা কেন্দ্রের নির্বাচন প্রস্তুতি খতিয়ে দেখতে জেলাশাসক তথা রিটার্নিং অফিসারের সঙ্গে আজ বৈঠক করেন তিন পর্যবেক্ষক। উপস্থিত ছিলেন সাধারণ পর্যবেক্ষক রবি কুমার সুরপুর, পুলিশ পর্যবেক্ষক বিশ্বজিৎ কুমার এবং ব্যয় পর্যবেক্ষক সঞ্জয় কুমার। পরে জেলাশাসক তথা রিটার্নিং অফিসার আরমিন কুমার মিনা বলেন এই বৈঠকে মূলত নির্বাচন পূর্ববর্তী কাজকর্ম নিয়ে আলোচনা হয়েছে।

******************

লোকসভা ভোটের দিনগুলিতে ছুটি ঘোষণা করল রাজ্য সরকার। এবার রাজ্যে লোকসভা নির্বাচনে ভোট গ্রহণ হবে সাত দফায়। রাজ্যের অর্থ দফতর আজ এক বিজ্ঞপ্তি দিয়ে জানিয়েছে, ভোটের দিনগুলিতে সংশ্লিষ্ট কেন্দ্রে বসবাসকারী কর্মীরা সবেতন ছুটি পাবেন। বেসরকারি কর্মীদেরও ওই দিনগুলিতে ছুটি দেওয়ার কথা বলা হয়েছে। তবে শ্রম দফতরের তরফে সে নিয়ে পৃথক বিজ্ঞাপ্তি জারি করা হবে। ভোটকেন্দ্র হিসাবে চিহ্নিত স্কুলগুলিতে নির্বাচনের আগের দিন ছুটি থাকবে।

******************

লোকসভা নির্বাচন নিয়ে আজ শুনুন বিশেষ আলোচনা ‘জনমত ২০২৪’। এই স্থানীয় সংবাদের ঠিক পরে রাত ৮-টায়, গীতাঞ্জলি ও ১০৭ মেগাহার্টজ প্রচার তরঙ্গে এবং আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগের সবকটি সোশ্যাল মিডিয়া পেজে শোনা যাবে এই অনুষ্ঠান। আলোচনায় অংশ নিয়েছেন দুই রাজনৈতিক বিশ্লেষক, রাষ্ট্রবিজ্ঞানী বিশ্বনাথ চক্রবর্তী ও সাংবাদিক শুভাশিস মৈত্র। সঞ্চালনায় সংযুক্তা সিংহ।

******************

একশো দিনের কাজ প্রকল্পে দৈনিক মজুরি বাড়লো। ২০২৪-২৫ অর্থবর্ষে তিন থেকে ১০ শতাংশ মজুরি বৃদ্ধির বিজ্ঞপ্তি জারি করেছে কেন্দ্র।

সংশোধিত হার অনুযায়ী, পশ্চিমবঙ্গে MGনারেগা-য় কাজ করলে এখন থেকে মিলবে ২৫০ টাকা। হরিয়ানায় বর্ধিত মজুরি হবে ৩৭৪ টাকা। গোয়ায় ৩৫৬, কর্নাটকে ৩৪৯, কেরালায় ৩৪৬ এবং পাঞ্জাবে ৩২২ টাকা। কেন্দ্রীয় গ্রামোন্নয়ন মন্ত্রক জানিয়েছে, আগামী পয়লা এপ্রিল থেকে মজুরি বৃদ্ধির বিজ্ঞপ্তি কার্যকর হবে। আদর্শ আচরণবিধি বলবত থাকায় নির্বাচন কমিশনের অনুমতি নিয়ে এই বিজ্ঞপ্তি জারি করা হয়েছে।

*****************

চলতি অর্থ বছরের শেষ দু'দিন ছুটি থাকা সত্ত্বেও রাজ্য সরকারের পে অ্যান্ড অ্যাকাউন্টস এবং ট্রেজারি অফিস খোলা থাকবে। আজ অর্থ দপ্তর থেকে এ'ব্যাপারে প্রকাশিত এক বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, এই অফিসগুলিতে চলতি অর্থবর্ষের বিভিন্ন বিল ৩১ মার্চের বিকেল চারটে পর্যন্ত নেওয়া হবে। এর আগে আজ বিকেল ৪টে পর্যন্ত এই বিল নেওয়ার কথা ছিল। কিন্তু বিভিন্ন দপ্তরে ই–অফিস সিস্টেমে কিছু সমস্যা দেখা দেওয়ায় এই সময়সীমা বাড়ানো হল।

উল্লেখ্য, চলতি অর্থ বছরের ৩১ মার্চ রবিবার হওয়া সত্ত্বেও ব্যাঙ্ক খোলা থাকবে। তবে ওই দিন শুধু আয়কর জমা দেওয়া যাবে আর সরকারি কাজ করা হবে। কোনও রকম গ্রাহক পরিষেবা দেওয়া হবে না।

*****************

রাজ্য থেকে ইডির হাতে বাজেয়াপ্ত তিন হাজার কোটি টাকা ফেরত দেওয়ার প্রতিশ্রুতি দিয়ে প্রধানমন্ত্রী, আদর্শ আচরনবিধি লঙ্ঘন করেছেন বলে তৃণমূল কংগ্রেস অভিযোগ করেছে। এব্যাপারে কমিশনে লিখিত অভিযোগ'ও দায়ের করেছে তারা। গতকাল শ্রী মোদী এবং নদীয়ার কৃষ্ণনগরে দলের প্রার্থী অমৃতা রায়ের টেলিফোনের কথোপকথন অনৈতিকভাবে বিজেপির ইনসটাগ্রাম হ্যান্ডেলে আপলোড করা হয়েছে বলেও শাসক দলের অভিযোগ। নির্বাচন ঘোষণা হয়ে যাওয়ার পরে কোন মন্ত্রী বা

রাজনৈতিক নেতা, অর্থ সংক্রান্ত বিষয়ে এইভাবে প্রতিশ্রুতি দিতে পারেন না বলেও চিঠিতে উল্লেখ করা হয়েছে। দলের তরফে এই বিষয়ে পদক্ষেপ নেওয়ার আবেদন জানানো হয়েছে।

*****************

উত্তর ২৪ পরগণার বসিরহাটের বিজেপি প্রার্থী রেখা পাত্রর ব্যক্তিগত তথ্য প্রকাশ্যে আনার অভিযোগ উঠেছে শাসক দলের বিরুদ্ধে। তৃণমূল কংগ্রেসের দাবী, রাজ্য সরকারের স্বাস্থ্যসাথী কার্ডের উপভোক্তা রেখা। সরকারি সুবিধা নিয়ে বিজেপির প্রার্থী হওয়ায় তিনি রাজনৈতিক দ্বিচারিতা করছেন বলেও দলের সোশ্যাল মিডিয়া পেজে অভিযোগ করা হয়েছে। তুলে ধরা হয় রেখা পাত্রর কার্ডে উল্লিখিত ফোন নম্বর এবং ব্যাঙ্ক অ্যাকাউন্ট সহ সমস্ত বিবরণ।

এরপরই বিজেপির পক্ষ থেকে ব্যক্তিগত তথ্য ফাঁসের অভিযোগ আনা হয়েছে। দলের নেতা অমিত মালব্য, এক্স হ্যান্ডেলে জানান, তথ্য ফাঁসের ফলে যদি কোনো ঘটনা ঘটে, তাহলে তার দায় তৃণমূল কংগ্রেসকে নিতে হবে। এব্যাপারে অবিলম্বে উপযুক্ত পদক্ষেপ নেওয়ার জন্য নির্বাচন কমিশনের কাছে আবেদন'ও জানান তিনি।

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী'ও এর তীব্র সমালোচনা করে জানিয়েছেন, প্রয়োজনে রেখা পাত্র উচ্চ আদালতের দ্বারস্থ হবেন।

(বাইট- শুভেন্দু)

ইতিমধ্যেই রেখা পাত্র জাতীয় মহিলা কমিশনে ইমেইল মারফত অভিযোগ দায়ের করেছেন।

*****************

তৃণমূল কংগ্রেস প্রার্থী কীর্তি আজাদের বিরুদ্ধে দিলীপ ঘোষ সম্পর্কে অবমাননাকর মন্তব্যের অভিযোগ করেছে বিজেপি। দলের রাজ্য মুখপাত্র ও রাজ্যসভার সাংসদ শমীক ভট্টাচার্য এক ভিডিও বার্তায় বলেন, কীর্তি আজাদ রাজনীতি বিরুদ্ধ ভাষা প্রয়োগ করেছেন।

******************

বিদেশী মুদ্রা লেনদেন সংক্রান্ত বিষয়ে জিজ্ঞাসাবাদের জন্য কৃষ্ণনগরের তৃণমূল কংগ্রেস প্রার্থী মহুয়া মৈত্রকে ইডি আজ বেলা ১১-টায় দিল্লি দফতরে তলব করলেও তিনি সাড়া দেননি। বরং নিজের নির্বাচনী কেন্দ্রে প্রচার সারেন তিনি। পরে সংবাদমাধ্যমের কাছে মহুয়া ইডির তলবের বিষয়টি এড়িয়ে গিয়ে আদালতে হলফনামা দেবার পর'ও ওই কেন্দ্রীয় সংস্থার কার্যকলাপ কিভাবে প্রকাশ্যে আসছে, তা' নিয়ে প্রশ্ন তোলেন।

(বাইট- মহুয়া-ইডি)

******************

সন্দেশখালিতে ইডি আধিকারিকদের ওপর হামলার ঘটনায় মূল অভিযুক্ত শেখ শাজাহানকে ৯'ই এপ্রিল পর্যন্ত জেল হেফাজতে পাঠানো হয়েছে। ছ'দিনের CBI হেফাজত শেষে আজ ফের শাজাহান সহ মেহেবুর মোল্লা, সুকোমল সর্দারকে বসিরহাট আদালতে তোলা হয়। শেখ সাজাহান নিজেকে 'নির্দোষ' বলে দাবী করেছেন।

একইসঙ্গে অন্য আরেকটি মামলায় ধৃত বাকী ১০ জনকে আদালতে পেশ করা হয়েছিল। শাজাহান ছাড়াও মেহেবুর এবং সুকোমলকে ৯ই এপ্রিল পর্যন্ত জেল হেফাজতের নির্দেশ দেন বিচারক। বাকিদের দোসরা এপ্রিল পর্যন্ত জেল হেফাজত হয়েছে।

******************

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ পার্ক সার্কাসে কলকাতা পুরসভা আয়োজিত ইফতারের অনুষ্ঠানে শামিল হন। বাড়িতে পড়ে গিয়ে কপালে চোট পাওয়ার পর এখনো পুরোপুরি সুস্থ হননি মুখ্যমন্ত্রী। আজ মাথায় ব্যান্ডেজ বাধা অবস্থাতেই তাকে ওই অনুষ্ঠানে যোগ দিতে দেখা যায়।

*****************************************************************